

এবার হেলিকপ্টারেই ঘুরতে পারেন সুন্দরবন

নিজস্ব সংবাদদাতা, ক্যানিং : সুন্দরবনে শুরু হতে পারে হেলিকপ্টার পরিষেবা। মাস দুয়েক আগে ক্যানিং-এর মাতলা ২ গ্রাম পঞ্চায়েতের আমড়াবেড়িয়াতে তৈরি হয় হেলিপ্যাড। বুধবার সেখানে পরীক্ষামূলকভাবে শুরু হল হেলিকপ্টার উড়ান। কেন্দ্র ও রাজ্যের মন্ত্রীরা বিভিন্ন কাজে সুন্দরবন আসেন। পাশাপাশি সুন্দরবনের পর্যটনকে জনপ্রিয় করে তুলতে হেলিকাপ্টার পরিষেবা নিয়ে আগ্রহী রাজ্য সরকার। আর তাই বুধবার পরীক্ষামূলকভাবে শুরু হল হেলিকপ্টার উড়ান। এর আগে সাগরে হেলিকপ্টার পরিষেবা চালু করেছিল রাজ্যে সরকার। এবার ক্যানিংয়ে হেলিকপ্টার পরিষেবা চালু হওয়া নিয়ে আশাবাদী স্থানীয়রা।

কচ্ছপ পাচার চক্রের দুই পান্ডাকে গ্রেফতার করল সিআইডি

নিজস্ব সংবাদদাতা, বনগাঁ : কচ্ছপ পাচার চক্রের দুই পান্ডাকে গ্রেফতার করল সিআইডি। বুধবার গভীর রাতে উত্তর ২৪ পরগনা জেলার পেট্রাপোল থানার ভবানীপুর এলাকা থেকে তাকে গ্রেফতার করে সিআইডি। ধৃতের নাম অরবিন্দ কুমার ওরফে চুন্নু মিয়া ও শ্রীকান্ত হালদার ওরফে মুরালি। তাদের কাছ থেকে ২১টি কচ্ছপ উদ্ধার করা হয়েছে। সিআইডি সূত্রে জানা গিয়েছে, চুন্নু মিয়া মূলত উত্তরপ্রদেশ থেকে কচ্ছপ পাচারের মূল পান্ডা। উত্তরপ্রদেশ থেকে কচ্ছপ এনে বনগাঁ সীমান্তে গোপন ঘাঁটি গেড়ে সেখানে থেকে চোরাপথে বাংলাদেশে কচ্ছপ পাচারের কারবার চালাত সে। বেশ কয়েক বছর আগে থেকেই চুন্নু মিয়ার ব্যাপারে খবর ছিল সিআইডির কাছে। জানা যায়, গত কয়েকদিন আগে একটি বড় কারবারের চুক্তি করতে উত্তরপ্রদেশ থেকে বনগাঁর ভবানীপুর গ্রামে মুরালির বাড়িতে এসে আশ্রয় নেয় চুন্নু মিয়া। এরপরই গোপনসূত্রে সিআইডি চুন্নু মিয়ার খবর জানতে পারে। সেইমতো বুধবার গভীর রাতে অভিযান চালিয়ে চুন্নু মিয়া ও মুরালিকে গ্রেফতার করে সিআইডি। উদ্ধার হয় ২১ টি কচ্ছপ। ধৃতদের বিরুদ্ধে বন্যাপ্রাণী আইনি মামলা রুজু করা হয়েছে।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

2		7		8				6
3		1					8	
	8		2				1	
		8	3	4			2	
	3			2	8	7		
	9				5		4	
	5					8		2
4				1		9		5

গতকালের সমাধান

4	2	3	8	9	6	7	1	5
5	9	6	7	1	4	8	2	3
1	8	7	2	3	5	9	4	6
7	4	1	5	2	9	6	3	8
8	3	9	6	4	7	1	5	2
2	6	5	1	8	3	4	7	9
3	7	4	9	5	8	2	6	1
6	1	8	3	7	2	5	9	4
9	5	2	4	6	1	3	8	7

আবহাওয়া

পূর্বাভাস: শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৪ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩১ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮৪ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫৭, **সূর্যাস্ত:** ঘ ৬:২৫ **জোয়ার:** সকাল : ৬:৫৭। **ভাঁটা:** দুপুর : ১:৩৫।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩১,০০০
গহনা সোনা (১০ গ্রাম):	২৯,৪১০
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	২৯,৭৫০
রুপোর বাট (প্রতি কেজি):	৩৯,৭০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৩৯,৮০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	68.7545
INR / 1 Euro	80.4771
INR / 100 Jap. YEN	62.7100
INR /1 Pound Sterling	91.0722

শেয়ারসূচক

BSE 35,574.55 ▼ (-70.85)
NIFTY 10,749.75 ▼ (-20.15)

শব্দলিপি- ১২৪৩

১		২		■	৩	৪	
	■		■	৫	■		■
	■		■	৬			৭
৮			৯		■	■	
	■	■	১০		১১		
১২	১৩			■		■	
■		■		■		■	
১৪			■	১৫			

শ্যামাপ্রসাদ দাশ

পাশাপাশি ঃ ১। প্রথম জাত ৩। শিবিকা ৬। নবপরিণীতা সুন্দরী বধূ ৮। চন্দ্র সেনকবি ১০। বহুবিধ ১২। অলৌকিক ১৪। গরিমা ১৫। দুরবস্থা

উপরনীচ ঃ ১। অলংকারে মিথ্যামায়া ২। ভূতত্ত্বে জ্ঞানসম্পন্ন ৪। দুই নদীর মধ্যবর্তী ভূখণ্ড ৫। অন্যসময় ৭। পুনর্বিচার ৯। ব্যাকুলতা ১১। গায়ত্রী ১৩। পুত্র

সমাধান ঃ শব্দলিপি - ১২৪২

পাশাপাশি ঃ ১। তালুক ৩। দরল ৫। মদন ৭। রদবদল ৮। বনজঙ্গল ৯। বানকে ১১। নরক ১২। বাদল

উপরনীচ ঃ ১। তালিম ২। কফিন ৩। দলবদল ৪। দনুজদলন ৬। দমনপীড়ন ৭। রঙ্গজীবক ৯। বাহবা ১০। কেবল

সরকারের ক্ষমতার নেশা হয়েছে, তাই খুনখারাবি করছে: দিলীপ ঘোষ

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর : শক্তিপুরে মৃত বিজেপি কর্মীর পরিবারের সঙ্গে দেখা করতে গেলেন বিজেপি রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। তাঁর সঙ্গে ছিলেন জেলা সভাপতি গৌরশংকর ঘোষ। সেখানে গিয়ে রাজ্যে সরকারের নিন্দা করেন দিলীপবাবু। বলেন, 'পঞ্চায়েত নির্বাচনে মোট ৭০ জন কার্যকর্তা খুন হয়েছে। অথচ প্রশাসন নিষ্ক্রিয়।'

দিলীপবাবু আরও বলেন, 'পশ্চিমবঙ্গ জুড়ে যে রকম পরিস্থিতি তৈরি হয়েছে তাতে কেউ গ্রেফতার হবে আশা করাও যায় না। এই নিয়ে বিজেপির আরও একজন কার্যকর্তার মৃত্যু হল। পুরুলিয়ায় এক ব্লকের তিনজন মারা গেলেন। মেরে টাঙিয়ে দিল। কিন্তু সরকারের কোনও মানবিকতা নেই। ক্ষমতার নেশা হয়ে গেছে। তাই খুনখারাবি করে টিকে থাকতে হবে। পুলিশকে নিষ্ক্রিয় করে রেখেছে। যাদের নাম এফআইআর-এ দেওয়া হয়েছে, তাদের পুলিশ গ্রেফতার করছে না। যাদের গ্রেফতার করল তাদের কেউ চেনেই না। মানুষকে বিভ্রান্ত করার জন্য এটা করা হয়।' প্রসঙ্গত, ১ জুলাই বিকেল থেকে নিখোঁজ ছিলেন শক্তিপুরের ধর্ম হাজরা। ২ তারিখ দিঘি থেকে তাঁর দেহ উদ্ধার হয়। তৃণমূলের বিরুদ্ধে অভিযোগ তুলে ১১ জনের নামে থানায় অভিযোগ দায়ের করে মৃতের পরিবার। তবে এখনও পর্যন্ত এই ঘটনায় কাউকে গ্রেফতার করেনি পুলিশ। বৃহস্পতিবার ধর্মর পরিবার পরিজনের সঙ্গে দেখা করতে যান দিলীপ ঘোষ।

পুরনো শত্রুতা ? খড়দায় গুলিবিদ্ধ যুবক

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : খড়দায় গুলিবিদ্ধ হলেন রাজু দত্ত নামে এক ওলা চালক। বুধবার গভীররাতে এক অনুষ্ঠানবাড়ি থেকে ফেরার পথে তাঁর ওপর দুষ্কৃতীরা হামলা চালায় বলে জানা গেছে। রাজুর শরীরে তিনটি গুলি লেগেছে। বর্তমানে সে আরজিকর হাসপাতালে চিকিৎসাধীন।

রাজুর বউদি চন্দ্রা দত্ত বলেন, 'আমার দেওর কাল নিমন্ত্রণবাড়ি গেছিল। ফেরার সময় এক বন্ধুর সঙ্গে দেখা হয়। তার সঙ্গে কথা বলছিল। ওই বন্ধুটাই সজলদের ডেকে এনে গুলি করে। পায়ে ও পিছনে গুলি লেগেছে। এরপর ও জঙ্গলে লুকিয়ে ছিল। ওখান থেকেই আমাদের ফোন করে। পরে আমরা পাড়া-প্রতিবেশীকে খবর দিই। স্থানীয়রা পুলিশে ফোন করে। পুলিশ দেওরকে উদ্ধার করে। নিয়ে যায় হাসপাতালে। এখন আরজিকর হাসপাতালে ভর্তি রয়েছে। বুধবার গভীররাতে একটি নিমন্ত্রণ বাড়ি থেকে ফিরছিল রাজু। সেসময় খড়দার ৫ নম্বর রেলগেট সংলগ্ন লাহাবাগান এলাকায় তার এক বন্ধুর সঙ্গে দেখা হয়। তার সঙ্গে কথা বলছিল। এরপর ওই বন্ধু সজল ও তার অনুগামীদের ডাকে। সজল এলাকার কুখ্যাত দুষ্কৃতী। তারা ঘিরে ধরে রাজুকে। এরপর খুব কাছ থেকে রাজুকে লক্ষ্য করে গুলি চালায়।

জানা গেছে, রাজু আগে এলাকায় বিভিন্ন দুষ্কর্মের সঙ্গে জড়িত ছিল। কয়েক বছর আগে খড়দায় একটি খুন হয়। সেই খুনের ঘটনায় নাম জড়িয়েছিল রাজুর। তবে উপযুক্ত প্রমাণের অভাবে কোনও শাস্তি হয়নি। পরে ধীরে ধীরে এসব থেকে সরে এসে নিজের ব্যবসা শুরু করে রাজু।

বাঘের উপর হামলার ঘটনায় গ্রেফতার ১২ মৎস্যজীবী

নিজস্ব সংবাদদাতা, সুন্দরবন : সুন্দরবনের কোঁদো দ্বীপের কাছে নদীতে বাঘ পেটানোর ঘটনায় ১২ জন মৎস্যজীবীকে গ্রেফতার করল সুন্দরবন কোস্টাল থানার পুলিশ। সুন্দরবন কোস্টাল থানা ও সুন্দরবন ব্যাঘ্র দফতরের যৌথ উদ্যোগে ওই ১২ জন মৎস্যজীবীকে গ্রেফাতর করে পুলিশ। সুন্দরবনের হলদি বাড়ি এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়েছে।

৩০ জুন (শনিবার) ১২ জন মৎস্যজীবীর একটি দল বাঁশ দিয়ে একটি বাঘকে পেটায়। পেটানোর সেই ভিডিও ভাইরাল হয়। এমভি জমা নামে একটি নৌকায় ছিল ওই মৎস্যজীবীরা। রয়্যাল বেঙ্গল টাইগারের উপর এই রকম হামলার পর নড়েচড়ে বসে ব্যাঘ্র প্রকল্পের কর্তারা ও জেলা পুলিশ।

ঘটনার পর বনবিভাগ জানিয়েছিল ওই মৎস্যজীবীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। এরপরই কোস্টাল থানা, বন বিভাগের কর্মীরা ও মৎস্যজীবী সংগঠনের নেতা-কর্মীরা তদন্তে নেমে ওই মৎস্যজীবীদের খোঁজ পায়। ধৃতদের গ্রেফতার করা হয়েছে। বৃহস্পতিবার আলিপুর আদালতে তোলা হয়। পুলিশ জানিয়েছে মৎস্যজীবীরা আতঙ্কে এমন করেছিল বলে তারা জানিয়েছেন।

ডেঙ্গু মোকাবিলায় অতিরিক্ত ৮ জন সুপারভাইজার নিয়োগ হাওড়া পুরসভার

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া পুরসভার তৃণমূল পরিচালিত পুর বোর্ডের মেয়াদ শেষ চলতি বছরেই। কিন্তু এই চার বছরের কিছু বেশি সময় হাওড়া পুরনিগমের নানা উন্নয়নমূলক কাজ কর্ম তাদের পুনরায় ফিরিয়ে আনার আভাস ইঙ্গিত দিচ্ছে। আলোক উজ্জল উন্নত রাস্তাঘাট ও পুরকর কমিয়ে আনা সহ একাধিক বিষয়ে যথেষ্ট পরিকল্পনা মাফিক ও গঠনমূলক সিদ্ধান্ত নিয়েছিল হাওড়া পুরসভা এই কয়েক বছরে। তবে প্রতিবারের মতো হাওড়া পুরসভা মাথা ব্যথার অন্যতম কারণ বর্ষার সময় ডেঙ্গুর প্রকোপ। তবে যেভাবে প্রতিটি ওয়ার্ডে মহিলা পুরকর্মীরা পুরসভার নীল রঙের জ্যাকেট পরে ডেঙ্গুর মোকাবিলায় কাজ করে চলেছে তা যথেষ্ট প্রশংসাযোগ্য। গত বছর ডেঙ্গু যখন প্রাণঘাতী হয়ে সারাদেশে ভয়ঙ্কর থাবা বসিয়েছিল। তখন হাওড়া পুরনিগমের স্বাস্থ্য বিভাগ অত্যন্ত তৎপরতায় ও সর্বশক্তি দিয়ে এই রোগের প্রার্দুভাব, প্রতিরোধে ও নিয়ন্ত্রণ করতে সক্ষম হয়ে ছিল। হাওড়ার মেয়র চিকিৎসক রথীন চক্রবর্তী জানান, বিগত বছরে এই কাজে নিযুক্ত ছিল ২৩৮৬ জন কর্মী ও ২৮৪ জন সুপার ভাইজার। এছাড়াও অতিরিক্ত ৮ জন সুপারভাইজার চলতি বছরে নেওয়া হয়েছে যারা ইউএলবি স্টাফের কাজ করছে। মেয়র আরও জানান, পতঙ্গ বাহিত রোগ প্রতিরোধে এইসব কর্মীরা প্রতিদিনই স্বাস্থ্য দফতরের প্রতীক সম্বলিত অ্যাপ্রন পরিহিত হয়ে নগরবাসীর প্রতিটি বাড়ি বাড়ি গিয়ে তাদের স্বাস্থ্য বিষয় তাদের স্বাস্থ্য বিষয়ক প্রশ্ন ছাড়াও, স্বাস্থ্য, শিক্ষা ও সচেতনতা বৃদ্ধির কাজে সতত নিয়োজিত আছেন। এছাড়াও প্রতিদিন ১-৬৬ নম্বর ওয়ার্ডে মোট ১৪৭ জন লার্ভিসাইড স্প্রে করছেন।

ছবি : অরিজিৎ গাঙ্গুলি।

কল্যাণীতে এলপিজি বটলিং প্ল্যান্টের নবনির্মিত ভবনে ছিলেন চিফ জেনারেল ম্যানেজার অভিজিৎ দে, ও ডিজিএম আর এস ভট্টাচার্য।

জাল ভারতীয় নোট সহ পেট্রাপোলে গ্রেফতার দুই বাংলাদেশি নাগরিক

নিজস্ব সংবাদদাতা, পেট্রাপোল : বাংলাদেশ থেকে ভারতে প্রবেশের সময় সঙ্গে জাল ভারতীয় নোট থাকার অভিযোগে দুই বাংলাদেশি নাগরিক গ্রেফতার করল পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার পেট্রাপোল থানার পুলিশ। ধৃত দুই বাংলাদেশি হলেন, মহম্মদ জোশিফ এবং মহম্মদ রাকিব। তাদের বাড়ি বাংলাদেশের ঢাকার মীরপুরে বলে জানা গিয়েছে, সম্পর্কে তারা মামা-ভাগ্নে। বুধবার সন্ধ্যায় তারা বাংলাদেশ থেকে পেট্রাপোল স্থলসীমান্ত দিয়ে ভারতে প্রবেশ করছিলেন। পেট্রাপোলে শুল্ক দফতরে ব্যাগ তল্লাশির সময় তারা তাদের সঙ্গে থাকা দুটি ব্যাগ ফেলে রেখে অভিবাসন দফতরে তাদের পাসপোর্ট সিল করাতে চলে যায়। পরে তারা ফিরে ব্যাগ নিতে শুল্ক দফতরের সামনে এলে সন্দেহ হয় পেট্রাপোলের শুল্ক দফতরের অধিকারিকদের। এরপর তাদের আটকে রেখে ব্যাগ দু'টি তল্লাশি চালাতেই সেখান থেকে একই নম্বরের ৮টি ৫০০ নোটের মোট চার হাজার টাকা উদ্ধার হয়। শুল্কদফতেরর জিজ্ঞাসাবাদের মুখে তারা এই জাল টাকার ব্যাপারে কিছুই জানত না বলে জানিয়েছে। এরপর তাদেরকে তুলে দেওয়া হয় পেট্রাপোল থানার হাতে। পেট্রাপোল থানার অফিসার ইনচার্জ গোপাল বিশ্বাস জানান, জাল টাকা বহনের অভিযোগে ওই দুই বাংলাদেশি নাগারিককে গ্রেফতার করা হয়েছে। তবে পুলিশি জিজ্ঞসাবাদে তাঁরা দাবি করেছেন, তাদের ফাঁসানো হয়েছে। শুল্ক দফতরে ব্যাগ ফেলে রেখে তারা তড়িঘড়ি করে অভিবাসন দফতরে যাওয়ার সময় কেউ তাদের ব্যাগের মধ্যে ওই জাল টাকা রেখে দিয়েছে বলে অভিযোগ করছেন তারা। বৃহস্পতিবার ধৃত দুই বাংলাদেশি নাগরিককে উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে বিচারক তাঁদের চারদিনের বিচারবিভাগীয় জেলা হেফাজতের নির্দেশ দিয়েছেন।

জিনিস কিনতে যাওয়ার পথে পিষে দিল ট্রাক

নিজস্ব সংবাদদাতা, বারুইপুর : ট্রাকের ধাক্কায় এক ব্যক্তির মৃত্যুকে কেন্দ্র করে উত্তপ্ত হয়ে উঠল বারুইপুরের নেউতলা মোড়। ট্রাকটিকে ঘিরে ভাঙচুর চালায় স্থানীয়রা। নবগ্রাম অঞ্চলের পূর্ব পাঁচগাছিয়ার বাসিন্দা বিশ্বনাথ মণ্ডল। তাঁর একটি মুদির দোকান রয়েছে। বৃহস্পতিবার সাইকেলে চেপে গোচরণ থেকে ঢসা হাটের দিকে নিজের দোকানের জন্য জিনিসপত্র কিনতে যাচ্ছিলেন। তিনি নেউতলা মোড়ে পৌঁছালে সেসময় পিছন থেকে একটি সিমেন্ট বোঝাই ট্রাক এসে ধাক্কা মারে। রাস্তায় পড়ে যান বিশ্বনাথ। তখন ট্রাকটি তাঁর উপর দিয়ে চলে যায়। সেখানেই মৃত্যু হয় বিশ্বনাথের। এরপর ঘাতক ট্রাকটকে আটকে ভাঙচুর চালায় জনতাখবর পেয়ে এলাকায় আসে বারুইপুর থানার পুলিশ। অল্প সময়েই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়। চালকসহ ট্রাকটি আটক করা হয়েছে। মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠানো হয়েছে।

দেগঙ্গায় বধূর রহস্যমৃত্যু

নিজস্ব সংবাদদাতা, দেগঙ্গা : এক যুবতীর রহস্যমৃত্যুর ঘটনায় উত্তেজনা ছড়াল দেগঙ্গায়। মৃতের নাম সোনামণি বিবি (১৮)। মৃতের স্বামী রাজু বিশ্বাস ও শাশুড়ি মিনা বিবিকে আটক করেছে পুলিশ। ঘটনাটি ২৪ পরগনার দেগঙ্গার থানার বিশ্বনাথপুরের। মাসদুয়েক আগে দত্তপুকুর থানার কদম্বগাছির নকপুল গ্রামের বাসিন্দা সোনামণির সঙ্গে দেখাশোনা করে বিয়ে হয়েছিল দেগঙ্গার রাজুর বিশ্বাসের। বুধবার সন্ধেয় হঠাৎ শ্বশুরবাড়ির লোকজন সোনামণির বাড়িতে ফোন করে জানায় বাজ পড়ে তার মৃত্যু হয়েছে। কিন্তু, মৃতের বাড়ির লোকজন দেগঙ্গার বিশ্বনাথপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এলে শোনানো হয় নতুন গল্প। বলা হয়, গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেছে সে। এই কথা শুনে সন্দেহ হয় তার পরিবারের লোকদের। এরপরই দেগঙ্গা থানায় শ্বশুরবাড়ির পরিবারের লোকজনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন তাঁরা। পুলিশ এসে দেহটি ময়নাতদন্তের জন্য বারাসত হাসপাতালে পাঠানোর পাশাপাশি স্বামী ও শাশুড়ির আটক করে।

নিয়ন্ত্রণ হারিয়ে ট্রেলার ধাক্কা মারল

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : দিনকয়েক আগেই দ্বিতীয় হুগলি সেতুর ওপর একটি মালবাহী ট্রেলার নিয়ন্ত্রণ হারিয়ে পরপর কয়েকটি গাড়িকে ধাক্কা মেরেছিল। যে ঘটনায় জখম হয়েছিলেন স্কুলের ছাত্র-ছাত্রী সহ বেশ কয়েকজন। সেই দুর্ঘটনার রেশ কাটতে না কাটতেই এবার বুধবার বিকেলে হাওড়ার লিলুয়ার কোনা ফ্লাইওভারে ৬ নম্বর জাতীয় সড়কের উপর ট্রেলার দুর্ঘটনার ঘটনা ঘটল। জানা গেছে দিল্লি রোডের দিকে যাওয়া একটি ১৮ চাকার ট্রেলারের আচমকাই দুটি চাকা ভেঙে খুলে গেলে গাড়িটি দুর্ঘটনার কবলে পড়ে। সেটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টোদিকের লেনে ঢুকে যায়। এরপর ওই ট্রেলারটি ডানকুনিগামী কয়েকটি গাড়িকে পরপর ধাক্কা মারে। এই ঘটনায় একটি টেম্পো গাড়ির চালক বকুল দাস গুরুতর জখম হন। গুরুতর জখম অবস্থায় তাকে বাঁকড়ার একটি বেসরকারি হাসপাতালে পাঠানো হয় বলে জানা গেছে। এছাড়াও একটি ইনোভা গাড়ির চালক ও যাত্রীরা জখম হন। তাদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে। এছাড়াও আরও একটি প্রাইভেট গাড়িতে ওই ট্রেলারটি ধাক্কা মারে। ঘটনার পর লিলুয়া থানার পুলিশ সেখানে যায়।। দুর্ঘটনার জেরে রাস্তার জ্যামজটেবর সৃষ্টি হয়। পরে পুলিশ এসে গাড়িগুলিতে সরানোর পর যান চলাচল স্বাভাবিক হয়।

সমাজসেবীর জন্মদিনে রক্তদান শিবির

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : প্রায় ৪০ বছর আগে ভারতের ভূখণ্ডে এসেছিলেন তিনি সুদূর ফ্রান্স থেকে পশ্চিমবঙ্গে। ১৯৭৮-এর বন্যায় এখানকার মানুষের আর্তনাদ আর বৃষ্টিভেজা চোখ তার হৃদয়কে শিহরিত করেছিল। তারপর নিজের জীবন নিয়োজিত করলেন সেই সব মানুষের সেবায়। পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে এমন অকেন অ নাথ আছে যাদে আঙুল চেপে ধরার কেউ নেই। মা-বাবা বলে ডাকারও কেউ নেই। দীর্ঘ ৪০ বছর আগে ফ্রান্সের ওই বাসিন্দা হলেন তাদের বাবা-মা। তার নাম ব্রাদার গ্যাস্টন দয়ানন্দ। হাওড়ার শ্যামপুরের গহলপোতায় আইকড নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠন বানিয়ে শিশুদের মুখে তুলে দিচ্ছেন অন্ন। তাদের শিক্ষার আলোয় আলোকিত করে চলেছেন। এবছর তার ৮২ তম জন্মদিনের অনুষ্ঠানে তাঁর সৃষ্টি প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হতে চলেছে রক্তদান শিবির। যার প্রস্তুতি চলছে জোর কদমে। প্রতিষ্ঠানের সম্পাদকা মমতা ঘোষ ও সংগঠক ব্রাদার মার্কুস তপ্পো জানান প্রায় শতাধিক মহিলা ও পুরুষ এই রক্তদান শিবিরে ও জন্মদিন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। ৮২ বছর বয়সি ব্রাদার গ্যাস্টন দয়ানন্দ আজীবন অনগ্রসর মানুষের জন্য কাজ করলেও এখনও পাননি কোনও রাজ্য কেন্দ্রীয় স্বীকৃতি।

রেললাইনের মাঝে আটকা পড়ল ম্যাটাডর, দুর্ভোগ

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : রেললাইনের মাঝে আটকে গেল সিমেন্টবাহী ৪০৭ ম্যাটাডর গাড়ি। গাড়িটি সোদপুর-আগরপাড়া রেলস্টেশনের মাঝে ৬ নম্বর রেলগেট পেরনোর সময় ঘটনাটি ঘটে। এর জেরে শিয়ালদা মেইন শাখায় ১ নম্বর লাইনে ট্রেন চলাচলা ব্যাহত হয়। আটকে পড়ে বহু লোকাল ট্রেন। ঘণ্টাখানেক পর ১ নম্বর বাদ দিয়ে বাকি তিনটি লাইন দিয়ে ট্রেন চলাচল শুরু করে রেল কর্তৃপক্ষ। আপাতত ২, ৩ এবং ৪ নম্বর লাইন দিয়ে ট্রেন চালানো হচ্ছে।

ঘটনার পর গাড়ি ছেড়ে পালান চালক। এদিকে ট্রেন চলাচলে বিঘ্ন ঘটায় সমস্যায় পড়েন যাত্রীরা।

CHANGE OF NAME

I Azad Hossain, S/o Late Nazir Hossain, R/o 12/2 Bright Street, Kolkata 700019, declare that Sk Azad Hossain/Md Azad and Sheikh Azad Hossain are same & one identical person that is me. My new name will be Azad Hossain for all future purposes.